

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ১৪৩

১/ পবিত্রতা (كتاب الطهارة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ পথের আবর্জনা মাড়িয়ে আসার কারণে উযু।

باب مَا جَاءَ فِي الْوُضُوءِ مِنَ الْمُوْطِئِ

আরবী

حَدَّثَنَا أَبُو رَجَاءٍ، قُتَيْبَةُ حَدَّثَنَا مَالِكُ بْنُ أَنَسٍ، عَنْ مُحَمَّدِ بْنِ عُمَارَةَ، عَنْ مُحَمَّدِ بْنِ إِبْرَاهِيمَ، عَنْ أُمِّ وَلَدٍ، لِعَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ قَالَتْ قُلْتُ لَأُمِّ سَلَمَةَ إِنِّي امْرَأَةٌ أَطِيلُ ذَيْلِي وَأَمْشِي فِي الْمَكَانِ الْقَذِرِ فَقَالَتْ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " يُطَهِّرُهُ مَا بَعْدَهُ ". قَالَ وَفِي الْبَابِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ قَالَ كُنَّا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا نَتَوَضَّأُ مِنَ الْمُوْطِئِ . قَالَ أَبُو عِيسَى وَهُوَ قَوْلُ غَيْرِ وَاحِدٍ مِنْ أَهْلِ الْعِلْمِ قَالُوا إِذَا وَطِئَ الرَّجُلُ عَلَى الْمَكَانِ الْقَذِرِ أَنَّهُ لَا يَجِبُ عَلَيْهِ غَسْلُ الْقَدَمِ إِلَّا أَنْ يَكُونَ رَطْبًا فَيَغْسِلَ مَا أَصَابَهُ . قَالَ أَبُو عِيسَى وَرَوَى عَبْدُ اللَّهِ بْنُ الْمُبَارَكِ هَذَا الْحَدِيثَ عَنْ مَالِكِ بْنِ أَنَسٍ عَنْ مُحَمَّدِ بْنِ عُمَارَةَ عَنْ مُحَمَّدِ بْنِ إِبْرَاهِيمَ عَنْ أُمِّ وَلَدٍ لِهَوْدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ عَنْ أُمِّ سَلَمَةَ . وَهُوَ وَهُمْ وَلَيْسَ لِعَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ ابْنٌ يُقَالُ لَهُ هُوْدٌ وَإِنَّمَا هُوَ عَنْ أُمِّ وَلَدٍ لِإِبْرَاهِيمَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ عَنْ أُمِّ سَلَمَةَ . وَهَذَا الصَّحِيحُ .

বাংলা

১৪৩. আবু রাজা কুতায়বা (রহঃ) আবদুর রাহমান ইবন আউফ রাদিয়াল্লাহু আনহু এর উম্মু ওয়ালাদ থেকে বর্ণনা করেন যে, তিনি বলেন আমি উম্মু সালামা রাদিয়াল্লাহু আনহা কে বললাম, আমি কাপড়ের আঁচল খুবই বুলিয়ে পরি। অনেক সয় ময়লা জায়গা দিয়েও আমার হাঁটতে হয়। এমতাবাস্থায় আমার করণীয় কি? তিনি বললেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন পরবর্তী স্থানই তা পাক করে দিবে। - ইবনু মাজাহ ৫৩১, তিরমিজী হাদিস নম্বরঃ ১৪৩ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবদুল্লাহ ইবনু মাসউদ রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদিস বর্ণিত আছে। তিনি বলেন আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে ছিলাম। পথ-চলতি-ময়লার কারণে আমরা উযু (ওজু/অজু/অযু) করতাম না। ইমাম আবু ইসা তিরমিজী বলেনঃ একাধিক আলিম এই অভিমত ব্যক্ত করেছেন। তাঁর বলেন কেউ যদি

আবজর্নায়ুক্ত জায়গা হেঁটে যায় তবে তার পা ধোয়া জরুরী নয়। হ্যাঁ, আর্দ্র জাতীয় ময়লা হলে যে স্থানে তা লাগবে সে স্থানটি ধৌত করতে হবে। ইমাম আবু ইসা তিরমিযী বলেনঃ আবদুল্লাহ ইবনু মুবারক এই হাদিসটি মালিক ইবনু আনাস মুহাম্মদ ইবনু উমারা মুহাম্মদ ইবনু ইবরাহীম এর সনদে রিওয়ায়াত করেছেন। তিনি তাঁর সনদে হুদ ইবনু আবদির রহমান ইবনু আওফের জনৈক উম্মু ওয়ালাদ উম্মু সালমা রাদিয়াল্লাহু আনহা এর কথা উল্লেখ করেছেন। কিন্তু এতে কিছু ভ্রান্তি রয়েছে। কারণ, আবদুর রহমান ইবনু আউফ রাদিয়াল্লাহু আনহু এর হুদ নামের কোন পুত্র ছিল না। বস্তুত শুদ্ধ হল, আবদুর রহমান ইবনু আওফের পুত্র ইবরাহীমের পুত্র ইবরাহীমের উম্মু ওয়ালাদ এটি উম্মু সালামা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণনা করেছেন।

English

Abdur-Rahman bin Awf's Umm Walad said, :
"I said to Umm Salamah: 'Indeed I am a woman with lengthy hems, and I walk in places of filth.' So she said: 'Allah's Messenger said: "It is purified by what comes after it.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=17332>

📖 হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন